

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯২(আগরতলা-২০।০৪)
কুমারঘাট, ২০ এপ্রিল'১৭

নালকাটায় প্রশাসনিক শিবির

কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল পৈঁচারখল ব্লকের নালকাটা ভিলেজের নালকাটা হাই স্কুল প্রাঙ্গণে একদিনের প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা শাসক জে ভি দোয়াতি, নালকাটা ভিলেজ কমিটির চেয়ারম্যান শিউলী ভৌমিক, পৈঁচারখল ব্লক আধিকারিক পীযুষ দেব সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উন্নয়নমূলক কর্মসূচিগুলির অগ্রগতি নিয়ে আলোচনা করেন। শিবিরে ১১৫টি পি আর টি সি, ৯২টি এস টি ও ১৬টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। চিকিৎসকগণ ১৭ জন রোগীর বিনামূল্যে চিকিৎসা করে ঔষধপত্র বিতরণ করেন। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের চিকিৎসকগণ ৭৫৮টি গবাদী পশু পাখির চিকিৎসা করেন এবং প্রাণী পালকদের বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হয়।

This document was prepared using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com